

বিশ্ব গণতান্ত্রিক যুব ফেডারেশনের এশিয়া-প্যাসিফিক অঞ্চলের সভা অনুষ্ঠিত



ঢাকায় WFDY এশিয়া প্যাসিফিক অঞ্চলের সম্মেলনে অংশগ্রহণকারী নেতৃবৃন্দ

৮ ও ৯ ফেব্রুয়ারি বাংলাদেশের রাজধানী ঢাকায় হোটেল একান্তরে বিশ্ব গণতান্ত্রিক যুব ফেডারেশনের এশিয়া প্যাসিফিক-এর সভা অনুষ্ঠিত হয়। বিশ্ব গণতান্ত্রিক যুব ফেডারেশনের সহসভাপতি কল্পনা মধুভাষিণীর সভাপতিত্বে সভায় অংশ নিয়েছে এশিয়া প্যাসিফিক অঞ্চলের সাতটি দেশের ২০টি সংগঠনের ৩৬ জন প্রতিনিধি। সভায় এই অঞ্চলের ছাত্র-যুবদের সমস্যা-সংকটসহ রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে।

সভায় বাংলাদেশ যুব ইউনিয়ন সভাপতি হাসান হাফিজুর রহমান সোহেল WFDY নেতৃবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন এবং স্বাগতিক দেশের রাজনৈতিক রিপোর্ট পাট করে বাংলাদেশ যুব ইউনিয়নের সাধারণ সম্পাদক হাফিজ আদনান রিয়াদ। সভায় আলোচনা করেন অল ইন্ডিয়া স্টুডেন্ট ফেডারেশনের সাধারণ সম্পাদক অংকুশ গার্গ, অল ইন্ডিয়া ইয়ুথ ফেডারেশনের প্রতিনিধি গিরিশ পাণ্ডে, থিরুমাল্লা রামান, ডেমোক্রেটিক ইয়ুথ ফেডারেশনের পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সাধারণ সম্পাদক সায়েনদীপ মিত্র, ইয়ুথ নেপাল ফেডারেশন সভাপতি এবং WFDY এশিয়া প্যাসিফিক অঞ্চলের সমন্বয়ক সুন্দর বসাল, অল ইন্ডিয়া ন্যাশনাল ফ্রি স্টুডেন্ট ইউনিয়নের সাধারণ সম্পাদক আরতী লামা, লাওস ইয়ুথ ইউনিয়নের সম্পাদক সোমকিও কিংজাদা, ভিয়েতনামের হো চি মিন ইয়ুথ ইউনিয়নের প্রতিনিধি ত্রাণ বাও সন, শ্রীলংকা ন্যাশনাল ইউনিয়ন অফ স্টুডেন্ট এর নেতা আয়ুস রত্নায়েক, ফ্রিডম পার্টি ইয়ুথ ফেডারেশনের প্রতিনিধি গ্যানগোডা জয়বর্ধনে, এমইপি নেতা দুশানাছু মশ্বেশিপ্রিয়, বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি জিএম জিলানী শুভ, সাধারণ সম্পাদক লিটন নন্দী, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি ইমরান হাবিব রুমন এবং আন্তর্জাতিক সম্পাদক মনীষা চক্রবর্তী প্রমুখ।

সভায় শিক্ষার বাণিজ্যিকীকরণ, সাম্প্রদায়িকীকরণ, বেকারত্ব এবং সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই গড়ে তোলার আহ্বান জানানো হয়। সভায় সুন্দরবন ধ্বংস করে রামপাল বিদ্যুৎকেন্দ্র এবং ঝুঁকিপূর্ণ রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণের নিন্দা জানানো হয়। সভায় ভেনেজুয়েলায় মার্কিন সাম্রাজ্যবাদী আগ্রাসনের বিরুদ্ধে নিন্দা জানানো হয়। সভা থেকে সারা পৃথিবীতে নারী ও শিশুদের প্রতি সম্মতি ও বৈষম্যের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানো হয়।

প্রতিনিধিদল দ্বিতীয় দিনে হাইকোর্ট মোড়ে অবস্থিত সাম্রাজ্যবাদবিরোধী সংহতি স্তম্ভে শ্রদ্ধা জানানোর পরে, ভেনেজুয়েলায় মার্কিন সাম্রাজ্যবাদী আগ্রাসন বন্ধের দাবিতে প্রেসক্লাবের সামনে প্রতিবাদী মানববন্ধনে অংশ নেয়।